যুগান্তর

তারিখ 19 MAR 2008
পৃষ্ঠা ১৬ কলাম ৪

# দক্ষ জনসম্পদ গড়তে বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার বিকল্প নেই

## রুয়েটের সমাবর্তনে রাষ্ট্রপতি

রাজশাহী ব্যুরো

রাষ্ট্রপতি প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ বলেছেন, বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে যে দেশ যত বেশি অগ্রসর সে দেশ তত বেশি সমৃদ্ধ। দেশের বিপুল মানবসম্পদকে দক্ষ জনসম্পদে পরিণত করতে বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার কোন বিকল্প নেই। অবাধ তথ্য প্রবাহ এবং বিশ্বায়নের যুগে বিজ্ঞান ও প্রযুক্তির শিক্ষার গুরুত্ব আগের তুলনায় বেড়ে গেছে। এ প্রেক্ষাপটে বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষা বিস্তারে দেশের প্রযুক্তি বিশ্ববিদ্যালয়গুলোর গুরুত্ব অপরিসীম। আমাদের বিপুল মানবসম্পদ থাকা সত্ত্বেও কারিগরি ও প্রযুক্তিগত উৎকর্ষতার অভাবে আমরা কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে পারিনি।

মঙ্গলবার সকালে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রুয়েট) তৃতীয় সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর

শিক্ষা : পৃষ্ঠা ১৫ : কলাম ২

## শিক্ষা : বিজ্ঞান ও প্রযুক্তি

প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ সভাপতির ভাষণে এসব কথা বলেন। রাষ্ট্রপতি তার বক্তব্যে আরও বলেন, সরকারের লক্ষ্য হচ্ছে একটি জ্ঞানভিত্তিক সমাজ গড়ে তোলা। সরকার এ লক্ষ্য অর্জনে শিক্ষায় সর্বোচ্চ গুরুত্ব আরোপ করেছে। জাতীয় বাজেটে প্রতি বছর শিক্ষা খাতে সর্বোচ্চ বরাদ্দ রাখা হচ্ছে। তিনি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দকে গবেষণা ক্ষেত্রে অধিক মনোনিবেশ করার আহ্বান জানান।

রাষ্ট্রপতি গ্রাজুয়েটদের উদ্দেশে বলেন, তোমাদের পথ ধরে এদেশ সমৃদ্ধশালী হবে, বিশ্বের দরবারে মাথা উঁচু করে দাঁড়াবে— এটা সবার প্রত্যাশা।